গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
রেজিস্ট্রেশন শাখা
www.comillaboard.gov.bd
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.০০০.০১.০৭৭.২২.২৪৮ তারিখ: ২৫ কার্তিক ১৪২৯
১০ নভেম্বর ২০২২

বিষয়: **ফেনী জেলার দাগনভুঞা উপজেলাধীন দুধমুখা উচ্চবিদ্যালয় এর স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তাঁর বিদ্যালয়ে মানবিক,বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতি ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৬ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য নিচের শর্ত সাপেক্ষে নবায়নের মেয়াদ বৃদ্ধি করা হলো এবং ২০২৭ সন পর্যন্ত এসএসসি পরীক্ষায় ছাত্র-ছাত্রী অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী:

১. স্নাতক পাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
২. সহ-পাঠ্যক্রম কার্যক্রম জোরদার করতে হবে।
৩. জেএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% উত্তীর্ণ ফলাফল অর্জন করতে হবে।
৪. পাঠপরিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রস্তুতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
৫. বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যত্ন সহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।
৬. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।
৭. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ,বনজ ও ঔষধি বৃক্ষরোপন করে যথাযথ পরিচর্যার ব্যবস্থা করতে হবে।
৮. এসএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% পরীক্ষার্থী পাস করার প্রচেষ্টা চালাতে হবে।
৯. বাধ্যতামূলকভাবে বয়স্কাউট/গার্লস গাইড/রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।
১০. বিদ্যালয়কে অবশ্যই ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে হবে।

**১১. আগামী ০৬ মাসের মধ্যে অবশিষ্ট জমিসহ সকল জমির ছাপা খতিয়ান সংগ্রহ করে তাঁর প্রমাণকসহ বোর্ডে দাখিল করতে হবে।**

১০-১১-২০২২
প্রফেসর মোঃ আজহারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক